

৭১

## দৈনিক জনকৃষ্ণ

সপ্তাহ ৩ ১২.৫ MAY. 1997 ...

নং ২৬ কলাম

### ’৯৬-৯৭ সেশনেই ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৪ বছরের অনার্স কোর্স চালু হচ্ছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঢাকা বিশ্ববিদ্যালয়ে চার বছরের অনার্স কোর্স চালুর সিদ্ধান্ত গৃহীত হয়েছে। চল্লিতি ’৯৬-৯৭ শিক্ষাবর্ষ থেকে এ সিদ্ধান্ত কার্যকর হবে। শিলিবার বিশ্ববিদ্যালয়ের একাডেমিক পরিষদের সভায় সিদ্ধান্তটি গৃহীত হয়।

জানা যায়, একমাত্র কলা অনুষদ ছাড়া সকল অনুষদের সব বিষয়ে অনার্স কোর্স এ বছর থেকে চার বছর মেয়াদী করা হবে। সাময়িক প্রস্তুতি সম্পন্ন করতে পারলে কলা অনুষদের সকল বিষয়ের অনার্স কোর্স চালতি বছর থেকেই চার বছর হবে। প্রস্তুতি সম্পন্ন না হলে আগামী বছর থেকে সিদ্ধান্তটি কার্যকর করা হবে।

বিশ্ববিদ্যালয়ের আইবিএ অডিটরিয়ামে একাডেমিক পরিষদের এ সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন উপাচার্য এ কে আজাদ চৌধুরী।

এদিকে চার বছরের অনার্স কোর্স চালু করলে নতুন সিলেবাস প্রণয়ন করতে হবে। আগামী সভায় এ সিলেবাস পেশ ও তা অন্যোদয় করা হবে। কোর্সের মেয়াদ বাড়ানোর ফলে অধিকসংখ্যক শিক্ষকের প্রয়োজন হবে। এ লক্ষ্যে নতুন পদ সৃষ্টি করা হয়েছে।

উল্লেখ্য, সরকারী অর্থে পরিচালিত ১১টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় অর্থম চার বছরের অনার্স কোর্স চালু করল। মাস্টার্স কোর্সের মেয়াদ এক বছর অব্যাহত থাকবে। উল্লেখ্য, বিশ্বের অনেক দেশে অনার্স ও মাস্টার্স কোর্স পাঁচ বছরে সম্পন্ন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ে চার বছরে তা সম্পন্ন করার কারণে, বিদেশে গিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের এক বছর বেশি পড়াশোনা করতে হতো।